

# AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 11-11-2025

Time: 7.50 P.M.

## বিশেষ বিশেষ খবরঃ-

১) দিল্লির ঘটনার প্রেক্ষিতে এ রাজ্যের সর্বত্র নিরাপত্তা ব্যবস্থা আঁটো-সাঁটো করা হয়েছে। কলকাতায় জারি হয়েছে উচ্চ সতর্কতা।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দিল্লির ভয়াবহ বোমা বিস্ফোরণের ঘটনায় চক্রান্তকারীদের কাউকে রেহাই দেওয়া হবে না।

২) নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, আজ বিকেল চারটে পর্যন্ত রাজ্যে সাড়ে ৬ কোটিরও বেশি এন্যুমারেশন ফর্ম দেওয়ার কাজ সম্পূর্ণ হয়েছে।

৩) সরকারী প্রকল্পের হিসাব-নিকাশ দ্রুততার সঙ্গে নির্ভুলভাবে করার জন্য সিস্টেম জেনারেটেড ডিপিআর পদ্ধতি চালু করা হচ্ছে।

৪) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন, ক্যান্সার রোগের চিকিৎসায় মুম্বাই টাটা ক্যান্সার হাসপাতালের সঙ্গে যৌথ উদ্যোগে এস এস কে এম ও উত্তরবঙ্গ মেডিকেল কলেজে দুটি বিশেষ ইউনিট তৈরি করা হবে।

৫) রঞ্জি ট্রফি ক্রিকেটে আজ বাংলা রেলওয়েজকে এক ইনিংস ও ১২০ রানে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooooooooooo

দিল্লির ঘটনার প্রেক্ষিতে এ রাজ্যের সর্বত্র নিরাপত্তা ব্যবস্থা আঁটোসাঁটো করা হয়েছে। কলকাতায় জারি হয়েছে হাই এলাট। CISF, বিমান বন্দরের ভেতরের নিরাপত্তা বাড়িয়েছে। বন্দর এলাকায় চলছে কড়া তল্লাশি। কলকাতা, হাওড়া, শিয়ালদা, খড়্গপুর, বর্ধমান, ব্যান্ডেল, নিউ জলপাইগুড়ি, আলিপুরদুয়ার জংশন, মালদা টাউন সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ স্টেশনে নিয়োগ করা হয়েছে বিপুল সংখ্যক পুলিশ বাহিনী। রেলপথের পাশাপাশি আন্তঃরাজ্য সীমান্ত এলাকায় বাড়ানো হয়েছে নিরাপত্তা। পশ্চিম বর্ধমানের ডুবুদিহী চেক পোস্ট, মুর্শিদাবাদের সুতি ছাড়াও আন্তর্জাতিক সীমান্ত, পেট্রাপোল, হিলি, নেপাল-ভুটান ও বাংলাদেশের সংযোগ পথ ‘চিকেনস নেক’-এ চলছে নাকা তল্লাশি। পুলিশী নিরাপত্তা বাড়ানো হয়েছে, কোচবিহারের রাশ মেলা, দক্ষিণেশ্বর কালীঘাট সহ একাধিক তীর্থ কেন্দ্র এবং পর্যটন স্থলে।

দিল্লিতে বিস্ফোরণ-এর ঘটনার প্রেক্ষিতে, কলকাতা ও ইডেন গার্ডেনে ভারত-দক্ষিণ আফ্রিকা ক্রিকেট ম্যাচের জন্য কড়া নিরাপত্তার ব্যবস্থা নেওয়া হয়েছে। ত্রিস্তরীয় নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে ইডেন গার্ডেনে।

উল্লেখ্য, আগামী শুক্রবার সেখানে ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে প্রথম ক্রিকেট টেস্ট অনুষ্ঠিত হবে।

আজ ইডেন গার্ডেনের নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখে কলকাতার পুলিশ কমিশনার জানান, সব রকম নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

(বাইট – মনোজ ভর্মা)

oooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন দিল্লির ভয়াবহ বোমা বিস্ফোরণের ঘটনায় চক্রান্তকারীদের কাউকে রেহাই দেওয়া হবে না। আজ ভুটানের রাজধানী থিম্পুতে এক

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, তিনি সারারাত ধরে এই ঘটনার তদন্তকারীদের সঙ্গে যোগাযোগ রেখে চলেছেন। তদন্তকারী সংস্থাগুলি এই চক্রান্তের সমস্তও তথ্য খুঁজে বের করবে। শ্রী মোদী বলেন, তিনি ক্ষতিগ্রস্ত পরিবারের বেদনা অনুভব করেন এবং সমগ্র জাতি তাদের পাশে আছে।

( বাইট- MODI শোক )

নতুন দিল্লীতে স্বরাষ্ট্রমন্ত্রীর বাসভবনে এক উচ্চ পর্যায়ের বৈঠকে পৌরহিত্য করেন শ্রী শাহ। কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব, ইনটেলিজেন্স ব্যুরোর অধিকর্তা, দিল্লীর পুলিশ কমিশনার এবং এনআইএ-র মহানির্দেশক উপস্থিত ছিলেন। জম্মু কাশ্মীরের পুলিশের মহানির্দেশক ভার্চুয়ালি এই বৈঠকে যোগ দেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক, এই বিস্ফোরণের তদন্তভার জাতীয় তদন্তকারী সংস্থা এন আই এ-র হাতে তুলে দিয়েছে। এর আগে কর্তব্যভবনেও স্বরাষ্ট্রমন্ত্রী একটি বৈঠক করেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ অ্যাঙ্গোলা থেকে স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে টেলিফোনে কথা বলেন। গতকালের বিস্ফোরণের ব্যাপারে বিস্তারিত খোঁজখবর নেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এরাজ্যের রাজ্যপাল হিসাবে তিন বছর পূর্তি উপলক্ষ্যে রাজ্যপাল সিভি আনন্দ বোস এবার রাজ্যের গ্রামীণ এলাকার বাসিন্দাদের প্রকৃত অবস্থা জানতে সেখানে রাত্রিবাস করার সিদ্ধান্ত নিয়েছেন। আমার গ্রাম কর্মসূচির আওতায় রাজ্যপাল ইতমধ্যেই রাজ্যের বিভিন্ন প্রত্যন্ত গ্রামীণ এলাকা পরিদর্শন করেছেন। ওই কর্মসূচির পরবর্তী ধাপ হিসেবে গ্রামে রাত্রি যাপনের এই সিদ্ধান্ত বলে রাজভবন সূত্রে জানা গেছে। গ্রামের বাসিন্দাদের মধ্যে থেকে রাজ্যপাল তাঁদের সমস্যা ও অভাব অভিযোগ সম্পর্কে অবহিত হবেন ও তার সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন। আগামী ২৩ নভেম্বর নিজের পদে তিন বছর পূর্ণ করবেন সিভি আনন্দ বোস। এই উপলক্ষ্যে রাজভবনের তরফে আরো নানা কর্মসূচি হাতে নেওয়া হচ্ছে। ২৩ তারিখে রাজভবনের উদ্যোগে ১০০ জন দুঃস্থ যুবক-যুবতীর

বিবাহ দেওয়া হবে। এ বিষয়ে আবেদনগ্রহণের প্রক্রিয়াও শুরু হয়ে গিয়েছে। ইচ্ছুকদের আগামী ১৬ তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিতে রাজ্যপাল সিভি আনন্দ বোস আজ বাঁকুড়ায় যান। শহরের রবীন্দ্রভবনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রছাত্রীরা রাজ্যপালকে স্বাগত জানান। জেলা পুলিশের পক্ষ থেকে গার্ড অফ অনার দেওয়া হয়। সমাবর্তন মঞ্চে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ও সাহিত্যিক, নাট্য ব্যক্তিত্ব সহ বিশিষ্ট অতিথিরা। আজকের অনুষ্ঠানে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি প্রদান করা হয়। বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের তরফ থেকে ডি লিট উপাধিতে ভূষিত করা হয় সাহিত্যিক আবুল বাশার, শীর্ষেন্দু মুখোপাধ্যায়, নাট্য ব্যক্তিত্ব দেবশঙ্কর হালদার, ক্রিকেটার ঝুলন গোস্বামী সহ বেশ কয়েকজনকে। সোমবার দিল্লির বিস্ফোরণ নিয়ে প্রতিক্রিয়ায় ঘটনাটি দুঃখজনক বলে মন্তব্য করেছেন রাজ্যপাল।।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গ সহ দেশের বারোটি রাজ্যে জোরকদমে চলছে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া। নির্বাচন কমিশন সূত্রে খবর, আজ বিকেল চারটে পর্যন্ত রাজ্যে সাড়ে ছয় কোটিরও বেশি এনুমারেশন ফর্ম দেওয়ার কাজ সম্পূর্ণ হয়েছে। এই ফর্ম পূরণ করে জমা দেওয়ার শেষ দিন আগামী চৌঠা ডিসেম্বর। এরপর ৯ ডিসেম্বর প্রকাশিত হবে খসড়া ভোটার তালিকা।

এদিকে, পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে ৯ নম্বর ওয়ার্ডে এনুমারেশন ফর্ম বিলি করতে যাওয়ার আগে বিজেপি-র বুথ লেভেল এজেন্ট সুকুমার সিং-কে মারধোর করার অভিযোগ উঠেছে স্থানীয় তৃণমূল কংগ্রেস কর্মীদের বিরুদ্ধে। তাকে গুরুতর আহত অবস্থায় দুর্গাপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়।

এদিকে, আমাদের মুর্শিদাবাদের সংবাদদাতা জানাচ্ছেন, এই ক-দিনে জেলায় ৬৭ শতাংশ ফর্ম বাড়ি বাড়ি পৌঁছে দিয়েছেন। এখনও পর্যন্ত ৩৮ লক্ষ ফর্ম বাড়ি বাড়ি পৌঁছে দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিস্তারিত প্রকল্প প্রতিবেদন (ডিপিআর) তৈরির ক্ষেত্রে মনুষ্য ঘটিত ভুল রোধ ও দ্রুততা আনতে নতুন প্রযুক্তি চালু করল রাজ্য সরকার। ‘সিস্টেম-জেনারেটেড ডিপিআর’ নামের ওই পদ্ধতিতে এবার থেকে সম্পূর্ণ স্বয়ংক্রিয়ভাবে সরকারি প্রকল্পের হিসাব-নিকাশ ও রিপোর্ট প্রস্তুতি হবে।

এতদিন পর্যন্ত ম্যানুয়ালি ডিপিআর তৈরি করতে গিয়ে বারবার ভুল দেখা দিচ্ছিল। এর ফলে ডিপিআর তৈরি বিলম্বিত হচ্ছিল এবং প্রকল্পের কাজও পিছিয়ে যাচ্ছিল। সেই সমস্যা কাটাতেই এই নতুন ব্যবস্থা আনা হয়েছে। নতুন পদ্ধতিতে নির্দিষ্ট কোনও প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত ইঞ্জিনিয়ার কেবলমাত্র প্রয়োজনীয় উপকরণের পরিমাণ উল্লেখ করলে স্বয়ংক্রিয়ভাবে মোট ব্যয় নির্ণয় করে সম্পূর্ণ ডিপিআর তৈরি হয়ে যাবে। বিশেষত রাস্তা নির্মাণ ও সংস্কার প্রকল্পে এই পদ্ধতি সবচেয়ে কার্যকর হবে বলে আশা করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন, তৃণমূল কংগ্রেস সরকারের জন্য রাজ্যে শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়েছে। শিক্ষা ক্ষেত্রে দুর্নীতির কারণে ২০১৯ থেকে ২০২৪ সালের মধ্যে প্রায় ৯ লক্ষ পড়ুয়া সরকারী স্কুল থেকে বে-সরকারী স্কুলে চলে গেছে। কলকাতা বিশ্ববিদ্যায় Ranking-এ ২৬ তম থেকে ৪৭ তম এবং যাদবপুরদ্বাদশ থেকে অষ্টাদশ স্থানে নেমে গেছে।

তিনি আরও অভিযোগ করেন শিক্ষক নিয়োগে দুর্নীতির ফলে ২৬ হাজার শিক্ষক ও অশিক্ষক কর্মী এবং তাদের পরিবার ঝুঁকির সম্মুখীন হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন, সরকারী হাসপাতালে কিডনি, হার্ট ও লিভার ব্যাধি করার কথা সরকার ভাবনা চিন্তা করছে। বিধাননগর স্বাস্থ্য ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে আজ তিনি আরও বলেন, রাজ্যে ক্যান্সার রোগের চিকিৎসায় মুম্বাই-এর টাটা ক্যান্সার হাসপাতালের সঙ্গে যৌথ উদ্যোগে দুটি বিশেষ ইউনিট তৈরি করা হবে। এই দুটি ইউনিট স্থাপিত হবে এস এস কে এম ও উত্তরবঙ্গ মেডিকেল কলেজে। মুখ্যমন্ত্রী আজ হাসপাতালগুলিতে আরও পর্যাপ্ত আলো, সিসিটিভি ও নিরাপত্তারক্ষী রাখার ব্যাপারেও জোর দিয়েছেন। জাল ওষুধ ও স্যালাইন পরীক্ষা করার জন্য মেডিসিন অডিট ও নজরদারির কথাও তিনি বলেন। এদিন মুখ্যমন্ত্রী ৮৪ কোটি টাকা ব্যয়ে ১১০-টি মোবাইল মেডিকেল ইউনিটের উদ্বোধন করেছেন

০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ মৌলানা আবুল কালাম আজাদের ১২৮-তম জন্মদিন উদযাপিত হচ্ছে। এই উপলক্ষে আজ কলকাতা পুরভবনে আয়োজিত এক অনুষ্ঠানে ভারতের প্রথম শিক্ষামন্ত্রীর প্রতিকৃতিকে পুষ্পার্ঘ্য নিবেদন করেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম ও অন্যান্য পুর কমিশনাররা।

প্রদেশ কংগ্রেস কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে মৌলানা আবুলকালাম আজাদের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানান প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর নিয়ে আগামীকাল (১২ই নভেম্বর) প্রচারিত হবে একটি বিশেষ আলোচনা। এতে অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন

দাশগুপ্ত। অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে ৯-টা থেকে গীতাঞ্জলী প্রচার তরঙ্গে এবং ডিটিএইচ পরিষেবায়।

০০০০০০০০০০০০০০০০০০

ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন এবং হুগলি জেলার বৈঁচি গ্রামের আটচালা গ্রুপের সহায়তায় আজ বৈঁচিগ্রামে মিশন লাইফের ওপর তিন দিন ব্যাপী সুসংহত গণজ্ঞাপন ও প্রচার অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বলাগড় বিজয়কৃষ্ণ মহাবিদ্যালয় এর অধ্যক্ষ প্রতাপ বন্দ্যোপাধ্যায়। উপস্থিত ছিলেন এলাকার বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিক্ষিকা এবং পঞ্চগয়েতের প্রধান সহ বহু বিশিষ্ট ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে নানা ধরনের প্রতিযোগিতা এবং সেমিনারের আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণীর প্রাক্তন সহ-অধিকর্তা শিখর রায় আজ ভোরে বারুইপুরে তাঁর নিজের বাসভবনে প্রয়াত হয়েছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর।

তিনি আকাশবাণীর কলকাতা, শিলিগুড়ি, মুর্শিদাবাদ, ইক্ষল এবং চাঁইবাসা কেন্দ্রে কাজ করেছেন। কলকাতার এফ এম বিভাগের সূচনায় এবং অন্য নানান নতুন ভাবনার অনুষ্ঠানে তাঁর উল্লেখযোগ্য অবদান ছিল। শিখর রায় সুলেখক ছিলেন। মণিপুরের পটভূমিকায় একটি উপন্যাস ছাড়াও তাঁর অন্য বেশ কিছু প্রকাশিত বই রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কৃষ্ণনগরে ঈশিতা মল্লিক খুনের ৭৮ দিনের মাথায় মূল অভিযুক্ত দেশরাজ সিং সহ মোট তিনজনের নামে চার্জশিট পেশ করল পুলিশ। চার্জশিটে তার বাবা রাঘবেন্দ্র প্রতাপ সিং এবং মামার নামও রয়েছে বলে জানান, কৃষ্ণনগর পুলিশ জেলার অতিরিক্ত সুপার মিৎ কুমার।

উল্লেখ্য, গত ২৫-শে আগস্ট ঈশিতাকে তার বাড়িতেই গুলি করে খুন করেছিল দেশরাজ। এই মামলায় মোট ২১ জনের সাক্ষ্যগ্রহণ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা চলচ্চিত্র উৎসবে আজ শতবর্ষে ঋত্তিক ঘটকের স্মরণে একটি আলোচনা সভার আয়োজন করা হয়েছিল। এই আলোচনায় অংশ নেন, অমরেশ চক্রবর্তী, অশোক বিশ্বনাথন, পরমব্রত চট্টোপাধ্যায় প্রমুখ। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও আজ নন্দন চব্বরে এসে উৎসবের বিষয়ে খোঁজখবর নেন। উৎসব কমিটির চেয়ারম্যান গৌতম ঘোষ, মন্ত্রী অরুণ বিশ্বাস ও মন্ত্রী ইন্দ্রনীল সেনের সঙ্গেও এদিন তিনি বৈঠক করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০

সারদা কর্তা সুদীপ্ত সেনের বিরুদ্ধে থাকা মামলাগুলির অবস্থা সম্পর্কে রিপোর্ট চেয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ ও বিচারপতি উদয়কুমারের ডিভিশন বেঞ্চে আগামী মঙ্গলবার রাজ্যকে জানাতে হবে রাজ্য পুলিশের মামলাগুলি বিচারপর্ব কবে থেকে শুরু হবে।

উল্লেখ্য, মোট ৭২-টি মামলা রাজ্য সরকার সিবিআই-কে দিয়েছিল। বাকি প্রায় ২১০-টি মামলা রাজ্যের হাতেই রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

গুজরাটের সুরাটের লালভাই কন্ট্রাক্টর স্টেডিয়ামে রঞ্জি ট্রফি ক্রিকেটে আজ বাংলা, রেলওয়েজকে এক ইনিংস ও ১২০ রানে হারিয়ে দিয়েছে। খেলার চতুর্থ দিনে আজ রেলওয়েজ দ্বিতীয় ইনিংসে ৫ উইকেটে ৯০ রান হাতে নিয়ে খেলতে নেমে ১৩২ রানে অলআউট হয়ে যায়।



উল্লেখ্য, বাংলা প্রথম ইনিংসে ৪ শো ৭৪ রান করে। জবাবে রেলওয়েজ প্রথম ইনিংসে ২ শো ২২ রান করে। সংক্ষিপ্ত স্কোর বাংলা ৪ শো ৭৪। রেলওয়েজ ২ শো ২২ ও ১ শো ৩২।

জয়ের ফলের ৪ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে বাংলা এলিট সি গ্রুপের শীর্ষস্থানে উঠে এলো। বাংলার পরের ম্যাচ ১৬ নভেম্বর (রবিবার) থেকে অসমের বিরুদ্ধে, কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমি মাঠে শুরু হবে।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০